দৈনিক বাংলা

024

তারিখ ১৬/৭/৮০
পৃষ্ঠা ... কলাম ...

# নয়া মেডিক্যাল কারিকুলাম তৈরীর উদ্যোগ

(মেডিক্যাল রিপোর্টার)

বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের সভাপতি অধ্যাপক আবদুল মান্নান ঘোষণা করেন যে দেশের আবহাওয়া, সামাজিক ও অর্থনীতির প্রেক্ষাপটে নতুন মেডিক্যাল কারিকুলাম তৈরি করার জন্য কাউন্সিল উদ্যোগ নিয়েছে এবং অতি শীঘ্রই এটা কার্যকর করা হবে।

অধ্যাপক মান্নান মেডিক্যাল কারিকুলামের ওপর আরেকটি ওয়ার্কশপ অনুষ্ঠানের প্রাক্কালে মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে একথা ঘোষণা করেছেন। তিনি বলেন, দেশে চালু বর্তমান কারিকুলাম বৃটিশ আমলের এবং অত্যন্ত সেকেলে। এর আশু পরিবর্তন দরকার। এটাকে দেশের প্রয়োজন অনুযায়ী ঢেলে সাজাতে হবে।

তিনি বলেন, পৃথিবীর বহু দেশেই মাতৃভাষায় মেডিক্যাল শিক্ষা দেয়া হয়, আমাদের দেশেও এ ব্যাপারে বিশেষ উদ্যোগ নেয়া প্রয়োজন। তিনি বলেন, আমাদের শিক্ষার মান নেমে গেছে, সেজন্য আমরা ১৯৭৯ সাল হতে বৃটিশ অনুমোদন হারিয়েছি। অন্যান্য উন্নত দেশ এবং বৃটিশ অনুমোদন পেতে হলে অবশ্যই আমাদের বর্তমান কারিকুলামকে ঢেলে সাজাতে হবে।